রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বুধবার, সেপ্টেম্বর ৭, ২০১৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জনপ্রশাসন মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২১ ভাদ্র, ১৪২৩ বঙ্গাব্দ/০৫ সেপ্টেম্বর, ২০১৬ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ২৮২-আইন/২০১৬।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৩৩ এর শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের অনুচ্ছেদ ১৪০(২) এর বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই বিধিমালা মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের উন্নয়ন প্রকল্প হইতে রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদের পদধারীদের নিয়মিতকরণ ও জ্যেষ্ঠতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১৬ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(১) **"কর্তৃপক্ষ"** অর্থ রাজস্ব বাজেটের সংশ্লিষ্ট পদের নিয়োগকারী কর্তৃপক্ষ;

(২) **"কমিশন"** অর্থ বাংলাদেশ সরকারী কর্মকমিশন;

(৩) **"তফসিল"** অর্থ এই বিধিমালার তফসিল;

(৪) **"নিয়মিতকরণ"** অর্থ রাজস্ব বাজেটের পদে সাময়িকভাবে পদায়নকৃত কোন কর্মকর্তা বা কর্মচারীকে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক নিয়মিতকরণ;


**মূল্য** ঃ টাকা ১২.০০

(৫) **"প্রকল্প"** অর্থ জুলাই, ১৯৯৭ এবং এর পরবর্তী তারিখে শুরু হওয়া এবং জুন, ২০০৯ তারিখে সমাপ্ত হওয়া সরকার অনুমোদিত মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের উন্নয়ন বাজেটভুক্ত নিম্নবর্ণিত প্রকল্পসমূহ, যথা ঃ—

(ক) "শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা প্রশিক্ষণ একাডেমী, জিরানী, গাজীপুর";

(খ) "খাদ্য নিরাপত্তাহীন দরিদ্র মহিলাদের উন্নয়ন";

(গ) "মহিলা বিষয়ক অধিদপ্তরের ব্যবস্থাপনা সক্ষমতা শক্তিশালীকরণ (২য় পর্যায়)";

(ঘ) "জেলা শহরে শ্রমজীবী মায়েদের শিশুদের জন্য দিবাযত্ন কর্মসূচী (১ম পর্যায়)" এবং "জেলা শহরে শ্রমজীবী মায়েদের শিশুদের জন্য দিবাযত্ন কেন্দ্র (২য় পর্যায়)";

(ঙ) "কর্মজীবী মহিলাদের শিশুদের জন্য দিবাযত্ন কর্মসূচি";

(চ) "ঢাকায় ২টি এলাকায় কর্মজীবী মহিলাদের জন্য হোস্টেল নির্মাণ";

(ছ) "মহিলা হস্তশিল্প ও কৃষি প্রশিক্ষণ কেন্দ্র, দিনাজপুর";

(জ) "পলিসি লিডারশিপ এন্ড এডভোকেসি ফর জেন্ডার ইক্যুয়ালিটি (প্লাউ ইউনিট)";

(ঝ) "মহিলা হস্তশিল্প ও কৃষি প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী";

(ঞ) "মহিলা কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট, বাগেরহাট";

(ট) "মা ফাতেমা (রাঃ) মহিলা প্রশিক্ষণ ও উন্নয়ন কমপ্লেক্স, সারিয়াকান্দি, বগুড়া";

(ঠ) "মহিলা, শিশু ও কিশোরী হেফাজতীদের নিরাপদ আবাসন", গাজীপুর।

(৬) **"প্রকল্পের কর্মকর্তা বা কর্মচারী"** অর্থ প্রকল্পের কোন পদে নিয়োগপ্রাপ্ত হইয়া প্রকল্প সমাপ্ত হইবার তারিখ পর্যন্ত ধারাবাহিকভাবে চাকুরীরত ছিলেন এইরূপ কর্মকর্তা বা কর্মচারী;

(৭) **"প্রকল্পের চাকুরীকাল"** অর্থ প্রকল্পে যোগদানের তারিখ হইতে প্রকল্প সমাপ্তির তারিখ পর্যন্ত ধারাবাহিকভাবে কর্মরত কোন কর্মকর্তা বা কর্মচারীর চাকুরীকাল;

(৮) **"রাজস্ব বাজেটের পদ"** অর্থ প্রকল্প হইতে রাজস্ব বাজেটে স্থানান্তরিত কোন পদ; এবং

(৯) **"সাময়িকভাবে পদায়নকৃত"** অর্থ প্রকল্পের কোন কর্মকর্তা বা কর্মচারীকে রাজস্ব বাজেটের কোন পদে অস্থায়ীভাবে পদায়ন বা নিয়োগ প্রদান।

৩। **বিধিমালার প্রাধান্য।**—আপাতত বলবৎ অন্য কোন বিধিমালা, আদেশ বা নির্দেশে যাহা কিছুই থাকুক না কেন, প্রকল্পের কর্মকর্তা ও কর্মচারীদের ক্ষেত্রে এই বিধিমালার বিধানাবলী কার্যকর হইবে।

৪। **রাজস্ব বাজেটে নিয়মিতকরণ পদ্ধতি।**—(১) প্রকল্পের কর্মকর্তা বা কর্মচারীকে নিম্নেবর্ণিত শর্তে নিয়মিতকরণ করা যাইবে, যথা ঃ—

(ক) তফসিলের কলাম (৪) এ বর্ণিত প্রকল্পের রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদে কর্মরত কর্মকর্তা বা কর্মচারী, সংশ্লিষ্ট প্রকল্পে নিয়োগকালীন সময় সরকারের প্রচলিত নিয়োগবিধি বা নিয়োগ পদ্ধতি বা সংশ্লিষ্ট প্রকল্পের জন্য সরকার কর্তৃক অনুমোদিত নিয়োগবিধি, যদি থাকে, অনুসরণক্রমে নিয়োগপ্রাপ্ত হইয়া থাকিলে;

(খ) উক্ত কর্মকর্তা বা কর্মচারীর রাজস্ব বাজেটের পদে নিয়মিতকরণের পূর্বের চাকুরীর ধারাবাহিকতা থাকিলে; এবং

(গ) উক্ত কর্মকর্তা বা কর্মচারীর রাজস্ব বাজেটের পদে নিয়মিতকরণের পূর্বের চাকুরীর সন্তোষজনক হইয়া থাকিলে।

(২) রাজস্ব বাজেটের পদে সাময়িকভাবে পদায়নকৃত কোন কর্মকর্তা বা কর্মচারীর চাকুরী সন্তোষজনক হইলে, তিনি অবসর-উত্তর ছুটি ভোগরত থাকিলে, অবসর গ্রহণের বয়স উত্তীর্ণ হইলে, মৃত্যুবরণ করিলে, তাহাকে ভূতাপেক্ষভাবে অবসর-উত্তর ছুটি বা, ক্ষেত্রমত, বয়স উত্তীর্ণ বা মৃত্যুবরণের তারিখের পূর্ব তারিখে কার্যকরতা প্রদান করিয়া নিয়মিত করা যাইবে।

(৩) কমিশনের আওতাভুক্ত কোন পদে কমিশনের সুপারিশক্রমে এবং কমিশনের আওতাবহির্ভূত কোন পদে বিভাগীয় পদোন্নতি বা বাছাই কমিটির সুপারিশক্রমে সংশ্লিষ্ট কর্মকর্তা বা কর্মচারীর চাকুরী নিয়মিত করিতে হইবে।

৫। **জ্যেষ্ঠতা নির্ধারণ।**—(১) এই বিধিমালার অধীন নিয়মিত হওয়া কোন কর্মকর্তা বা কর্মচারীর জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে তাহার চাকুরী নিয়মিতকরণের তারিখ হইতে গণনা করা হইবে।

২। প্রকল্পের অধীন একই তারিখে নিয়োগপ্রাপ্ত একাধিক কর্মকর্তা বা কর্মচারীর জ্যেষ্ঠতা নিম্নরূপ পদ্ধতিতে নির্ধারিত হইবে, যথা ঃ—

(ক) প্রকল্পে নিয়োগের সময় কর্তৃপক্ষ কর্তৃক প্রস্তুতকৃত মেধা তালিকা বা প্রদত্ত নম্বরের গ্রেডিং, যদি থাকে, উহার ভিত্তিতে;

(খ) দফা (ক) এ উল্লিখিত মেধা তালিকা বা প্রদত্ত নম্বরের গ্রেডিং না থাকিলে, ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা অর্জনের বৎসরের ভিত্তিতে এবং উক্ত একইরূপ বৎসর হইলে বয়সের ভিত্তিতে।

(৩) প্রকল্পে পূর্বে নিয়োগপ্রাপ্ত কোন কর্মকর্তা বা কর্মচারী প্রয়োজনীয় কাগজপত্রের অভাবে, পদাধিকারীর ত্রুটির কারণে নহে, একই পদে পরে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা বা কর্মচারীর পূর্বে বা একই সঙ্গে নিয়মিত না হইয়া পরবর্তী সময়ে নিয়মিত হইলে পরে নিয়মিত হওয়া সত্ত্বেও পূর্বে নিয়মিতকৃত কর্মকর্তা বা কর্মচারীর উপরে তাহার জ্যেষ্ঠতা নির্ধারিত হইবে।

(৪) নিয়মিতভাবে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা বা কর্মচারীর নিয়োগের তারিখ এবং নিয়মিতকৃত কর্মকর্তা বা কর্মচারীর নিয়মিতকরণের তারিখ একই হইলে, নিয়মিতভাবে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা বা কর্মচারীগণ নিয়মিতকৃত কর্মকর্তা বা কর্মচারীগণের উপর জ্যেষ্ঠতা পাইবেন।

৬। **প্রকল্পের চাকুরীকাল গণনা।**—নিয়মিতকৃত কোন কর্মকর্তা বা কর্মচারীর প্রকল্পে চাকুরীকাল কেবল তাহার বেতন, ছুটি, পেনশন ও আনুষঙ্গিক সুবিধাদি নির্ধারণের ক্ষেত্রে গণনা করা হইবে।

৭। **অসুবিধা দূরীকরণ।**—এই বিধিমালা কার্যকরণের ক্ষেত্রে কোন অসুবিধা পরিলক্ষিত হইলে, উক্ত অসুবিধা দূরীকরণার্থে সরকার, এই বিধিমালার সহিত যতদূর সম্ভব সঙ্গতি রক্ষা করিয়া, আদেশ দ্বারা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

## তফসিল
## [বিধি-২(৩) দ্রষ্টব্য]

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন ১২টি প্রকল্পের নাম, প্রকল্প শুরু ও সমাপ্ত হওয়ার তারিখ, উক্ত প্রকল্প হইতে রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদসমূহের নাম এবং পদ সংখ্যা ঃ

| ক্র: নং | প্রকল্পের নাম | প্রকল্প শুরু ও সমাপ্তি হওয়ার তারিখ | পদের নাম | পদের সংখ্যা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১ | শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা প্রশিক্ষণ একাডেমি প্রকল্প | ১ জুলাই, ১৯৯৮<br>৩০ জুন, ২০০৪ | ১. ট্রেড ইন্স্ট্রাক্টর (আধুনিক গার্মেন্টস) | ১ |
| | | | ২. ট্রেড ইন্স্ট্রাক্টর (পোল্ট্রি) | ১ |
| | | | ৩. হোস্টেল মেট্রোন (মহিলা) | ১ |
| | | | ৪. গাড়ীচালক | ১ |
| | | | ৫. বাবুর্চি | ২ |
| | | | ৬. পশুপালন কর্মী | ২ |
| | | | ৭. পোল্ট্রি কর্মী | ১ |
| | | | ৮. হ্যাচারী এটেনডেন্ট | ৩ |
| | | | ৯. নিরাপত্তা কর্মী | ২ |
| | | | ১০. অফিস সহায়ক | ২ |
| | | | মোট = | ১৬ |
| ২ | খাদ্য নিরাপত্তাহীন দরিদ্র মহিলাদের উন্নয়ন প্রকল্প | ১ জুলাই, ১৯৯৮<br>৩০ জুন, ২০০৪ | ১. অতিরিক্ত পরিচালক | ১ |
| | | | ২. উপ-পরিচালক | ১ |
| | | | ৩. সহকারী পরিচালক | ২ |
| | | | ৪. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | ৪০ |
| | | | ৫. হিসাব রক্ষক কাম ক্রেডিট সুপারভাইজার | ১৫০ |
| | | | ৬. কম্পিউটার অপারেটর | ১ |
| | | | ৭. প্রশিক্ষক | ৩২৭ |
| | | | ৮. অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৪১ |
| | | | ৯. গাড়ীচালক | ৫ |
| | | | ১০. অফিস সহায়ক | ৮৬ |
| | | | মোট = | ৬৫৪ |
| ৩ | মহিলা বিষয়ক অধিদপ্তরের ব্যবস্থাপনা সক্ষমতা শক্তিশালীকরণ (২য় পর্যায়) প্রকল্প | ১ অক্টোবর, ২০০০<br>৩০ জুন, ২০০৪ | ১. সহকারী পরিচালক | ৯ |
| | | | ২. গাড়ী চালক | ২ |
| | | | ৩. অফিস সহায়ক | ২ |
| | | | মোট= | ১৩ |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৪ | (ক) জেলা শহরে শ্রমজীবী মায়েদের শিশুদের জন্য দিবাযত্ন কর্মসূচী (১ম পর্যায়) প্রকল্প | ১ জুলাই, ২০০১<br>৩০ জুন, ২০০৮ | ১. সহকারী পরিচালক<br>২. ডে-কেয়ার অফিসার<br>৩. স্বাস্থ্য সহকারী কাম-শিক্ষিকা<br>৪. কম্পিউটার অপারেটর<br>৫. হিসাব রক্ষক<br>৬. সহকারী শিক্ষিকা<br>৭. অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>৮. গাড়ীচালক<br>৯. অফিস সহায়ক<br>১০. ক্যাশ সরকার<br>১১. আয়া<br>১১. বাবুর্চি<br>১২. নিরাপত্তা কর্মী<br>১৩. পরিচ্ছন্নতা কর্মী | ১<br>৭<br>৬<br>১<br>১<br>৭<br>১<br>১<br>১<br>১<br>১৩<br>১৪<br>১৩<br>১ |
| | | | মোট = | ৬৮ |
| | (খ) জেলা শহরে শ্রমজীবী মায়েদের শিশুদের জন্য দিবাযত্ন কেন্দ্র (২য় পর্যায়) প্রকল্প | ১ জুলাই, ২০০২<br>৩০ জুন, ২০০৮ | ১. ডে-কেয়ার অফিসার<br>২. স্বাস্থ্য সহকারী কাম-শিক্ষিকা<br>৩. কম্পিউটার অপারেটর<br>৪. সহকারী শিক্ষিকা<br>৫. আয়া<br>৬. বাবুর্চি<br>৭. নিরাপত্তা কর্মী<br>৮. গার্ডেনার | ৭<br>৩<br>১<br>৭<br>১৩<br>১৪<br>১৩<br>১ |
| | | | মোট = | ৫৯ |
| ৫ | কর্মজীবী মহিলাদের শিশুদের জন্য দিবাযত্ন কর্মসূচী প্রকল্প | ১ জুলাই, ১৯৯৭<br>৩০ জুন, ২০০৪ | ১. প্রোগ্রাম অফিসার<br>২. ডে-কেয়ার অফিসার<br>৩. স্টোর কীপার<br>৪. সহকারী শিক্ষিকা<br>৫. অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>৬. গাড়ীচালক<br>৭. অফিস সহায়ক<br>৮. আয়া<br>৯. বাবুর্চি<br>১০. নিরাপত্তা কর্মী<br>১১. পরিচ্ছন্নতা কর্মী | ১<br>৫<br>১<br>৩<br>১<br>১<br>১<br>১৫<br>১২<br>১০<br>৪ |
| | | | মোট = | ৫৪ |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৬ | ঢাকায় ২টি এলাকায় কর্মজীবী মহিলাদের জন্য হোস্টেল প্রকল্প | ১ জুলাই, ১৯৯৮<br>৩০ জুন, ২০০৫ | ১. সহকারী হোস্টেল সুপার | ১ |
| | | | ২. স্টোর কিপার | ১ |
| | | | ৩. হিসাব রক্ষক | ১ |
| | | | ৪. অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ১ |
| | | | ৫. গাড়ীচালক | ১ |
| | | | ৬. বাবুর্চি | ১ |
| | | | ৭. ওয়েটার | ৫ |
| | | | ৮. অফিস সহায়ক | ২ |
| | | | ৯. নিরাপত্তা প্রহরী | ৪ |
| | | | ১০. পরিচ্ছন্নতা কর্মী | ৪ |
| | | | মোট = | ২১ |
| ৭ | মহিলা হস্তশিল্প ও কৃষি প্রশিক্ষণ কেন্দ্র, দিনাজপুর প্রকল্প | ১ জুলাই, ২০০৪<br>৩০ জুন, ২০০৯ | ১.হিসাব রক্ষক | ১ |
| | | | ২. ডাটা এন্ট্রি অপারেটর | ১ |
| | | | ৩. অফিস সহায়ক | ১ |
| | | | ৪. নিরাপত্তা প্রহরী | ১ |
| | | | মোট = | ৪ |
| ৮ | পলিসি লিডারশিপ এন্ড এডভোকেসি ফর জেন্ডার ইক্যুয়ালিটি (প্লাউ ইউনিট) প্রকল্প | ১ মে, ১৯৯৮<br>৩১ ডিসেম্বর, ২০০১ | ১. সিনিয়র সহকারী প্রধান (প্লাউ) | ১ |
| | | | ২. কম্পিউটার অপারেটর | ২ |
| | | | ৩. অফিস সহায়ক | ১ |
| | | | মোট = | ৪ |
| ৯ | মহিলা হস্তশিল্প ও কৃষি প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী প্রকল্প | ১ জুলাই, ২০০১<br>৩০ জুন, ২০০৮ | ১. প্রশিক্ষক (আধুনিক গার্মেন্টস) | ১ |
| | | | ২. প্রশিক্ষক (হর্টিকালচার) | ১ |
| | | | ৩. প্রশিক্ষক (ফিশারীজ) | ১ |
| | | | ৪. হিসাব রক্ষক | ১ |
| | | | ৫. হোস্টেল মেট্রোন | ১ |
| | | | ৬. গাড়ীচালক | ১ |
| | | | ৭. পশুপালন কর্মী | ১ |
| | | | ৮. কৃষি কর্মী | ১ |
| | | | ৯. পোল্ট্রি কর্মী | ১ |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | মহিলা হস্তশিল্প ও কৃষি প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী প্রকল্প | ১ জুলাই, ২০০১<br>৩০ জুন, ২০০৮ | ১০. মৎস্য কর্মী | ১ |
| | | | ১১. বাবুর্চি | ১ |
| | | | ১২. সহকারী বাবুর্চি | ১ |
| | | | ১৩. নিরাপত্তা প্রহরী | ৩ |
| | | | ১৪. অফিস সহায়ক | ১ |
| | | | ১৫. পরিচ্ছন্নতা কর্মী | ১ |
| | | | মোট = | ১৭ |
| ১০ | মহিলা কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট, বাগেরহাট প্রকল্প | ১ জুলাই, ২০০০<br>৩০ জুন, ২০০৫ | ১. প্রশিক্ষক (ফিশারীজ) | ১ |
| | | | ২. প্রশিক্ষক (আধুনিক গার্মেন্টস) | ১ |
| | | | ৩. কম্পিউটার অপারেটর | ১ |
| | | | ৪. হোস্টেল মেট্রোন | ১ |
| | | | ৫. স্টোর কিপার | ১ |
| | | | ৬.গাড়ীচালক | ১ |
| | | | ৭. পশুপালন কর্মী | ১ |
| | | | ৮. পোল্ট্রি কর্মী | ১ |
| | | | ৯. কৃষি কর্মী | ১ |
| | | | ১০. বাবুর্চি | ১ |
| | | | ১১. সহকারী বাবুর্চি | ১ |
| | | | ১২. অফিস সহায়ক | ১ |
| | | | মোট = | ১২ |
| ১১ | মা ফাতেমা (রাঃ) মহিলা প্রশিক্ষণ ও উন্নয়ন কমপ্লেক্স, সারিয়াকান্দি, বগুড়া প্রকল্প | ১ জুলাই, ২০০০<br>৩০ জুন, ২০০৬ | ১. হোস্টেল সুপারিনটেনডেন্ট | ১ |
| | | | ২. সিনিয়র প্রশিক্ষক (পোল্ট্রি-ডেইরী) | ১ |
| | | | ৩. হোস্টেল মেট্রোন | ১ |
| | | | ৪. স্টোর কিপার | ১ |
| | | | ৫. ইলেকট্রিশিয়ান | ১ |
| | | | ৬. বাবুর্চি | ১ |
| | | | ৭. সহকারী বাবুর্চি | ১ |
| | | | ৮. নিরাপত্তা প্রহরী | ৪ |
| | | | ৯. অফিস সহায়ক | ১ |
| | | | ১০. পোল্ট্রি কর্মী | ১ |
| | | | ১১. ডেইরী কর্মী | ১ |
| | | | মোট = | ১৪ |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ১২ | মহিলা, শিশু ও কিশোরী হেফাজতীদের নিরাপদ আবাসন, গাজীপুর প্রকল্প | ১ জুলাই, ২০০৩ ৩০ জুন, ২০০৬ | ১. উচ্চমান সহকারী কাম হিসাব রক্ষক | ১ |
| | | | ২. অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ১ |
| | | | ৩. অফিস সহায়ক | ১ |
| | | | মোট = | ৩ |
| | | | সর্বমোট = | ৯৩৯ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. কামাল আবদুল নাসের চৌধুরী**
সিনিয়র সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd